১৪৬

ভোরের কাগজ

তারিখ ... 12 NOV 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক প্রতিনিধি নির্বাচন আজ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফাইনান্স কমিটির শিক্ষক প্রতিনিধি নির্বাচন। এ নির্বাচনে সিণ্ডিকেট ও একাডেমিক পরিষদের ৬টি করে এবং ফাইনান্স কমিটির ১টিসহ মোট ১৩টি পদে শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হবেন।

সরকার সমর্থিত নীল দল, বিএনপি-জামাত সমর্থিত সাদা দল এবং নিরপেক্ষতার দাবিদার গোলাপী দল থেকে মোট ৩১ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। গতকাল গভীর রাত পর্যন্ত টিচার্স ক্লাব, শিক্ষকদের বাসভবন এবং লাউঞ্জে ব্যাপক নির্বাচনী প্রচার চলেছে।

গত তিন দিন হরতালের কারণে ক্লাস-পরীক্ষা বন্ধ থাকায় নির্বাচনী প্রচারে যথেষ্ট সময় পেয়েছেন প্রার্থীরা। প্যানেলের ভেতরে এবং বাইরে তারা বিভিন্ন ইস্যু নিয়ে নিজ নিজ প্রচারণা চালিয়েছেন। এবারের নির্বাচনে প্রায় ১১শ শিক্ষক সরাসরি তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

নির্বাচনকে সামনে রেখে সম্প্রতি ঘর গুছিয়ে নিয়েছে নীল দল। মঙ্গলবার রাতে দলের এক বৈঠকে আভ্যন্তরীণ কোন্দল মিটিয়ে নিয়েছেন তারা। ফলে নীলের অবস্থা আগের চেয়ে বর্তমানে ভালো বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। নীল দল সিন্ডিকেটে ৬টি মধ্যে অন্তত ৫টি পদ পাবে এ লক্ষ্য নিয়ে মাঠে নেমেছে।

নির্বাচনী প্রচারণায় গত দুবছরের উন্নয়ন কর্মকাণ্ড, বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস দূর করা, শিক্ষকদের জন্য সুবিধা দান, একাডেমিক পরিস্থিতির উন্নতিসহ ২৪টি সাফল্যের কথা লিফলেটের মাধ্যমে প্রচার করছে। সাথে সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ সংরক্ষণ করা, শিক্ষকদের যাতায়াত ও আবাসিক সুবিধা বৃদ্ধি করা, শিক্ষকদের সতন্ত্র বেতন স্কেল প্রণয়ন করা ও প্রশাসনিক সুবিধা দেওয়াসহ তারা ১৯টি প্রতিশ্রুতি প্রচার করছেন। শিক্ষকরা আঞ্চলিকতাপ্রীতি না দেখালে নীল দল কাঙ্ক্ষিত ফলাফল পাবে বলে দলীয় সূত্র থেকে আশাবাদ ব্যক্ত করা হয়েছে।

অপরদিকে সাদা দল তাদের নির্বাচনী প্রচারপত্রে বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসনের দুর্নীতি, দলীয়করণের কথা উল্লেখ করেছে। প্রশাসনে ভাগাভাগি হলে একচ্ছত্র দুর্নীতি করা আর সম্ভব হবে না বলে তারা প্রচার করছেন। সাদা দল অন্ততপক্ষে তিনটি পদে বিজয়ী হওয়ার লক্ষ্য নিয়ে মাঠে নেমেছে বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। সাদা দলের নির্বাচনে নীল দলের কোন্দল ও আঞ্চলিকতা ইতিবাচক ভূমিকা রাখতে পারে বলে জানা গেছে।

গোলাপী দল এবারের নির্বাচনে আংশিক প্যানেল দিয়েছে। সিন্ডিকেটে ৪ জন এবং ফাইনান্স কমিটির ১জন, মোট ৫ জনের প্যানেল দিয়েছেন তারা। সম্প্রতি গোলাপী দল থেকে ইতিহাস বিভাগের একজন শিক্ষকের নেতৃত্বে বেশ কয়েকজন শিক্ষক সাদা দলে যোগ দেওয়ায় গোলাপীর অবস্থা এখন একটু নাজুক। এদিকে যেসব শিক্ষক সরাসরি রাজনীতির সঙ্গে জড়িত নয়, তাদের মধ্যে 'সরকার-বিরোধী' এবং 'হরতাল বিরোধী' দু' ইস্যু নিয়েই প্রচারণা চলেছে।

ঢাকা বিশ্ববিদ্যলয় টিএসসি গেমস রুমে অনুষ্ঠেয় এ নির্বাচনে নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করবেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম শামসুল হক। ভোটগ্রহণ সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত চলবে।